গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.dnc.gov.bd

**মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৪-২০২৫ এর কর্মসম্পাদন সূচক ১.১.১ অনুযায়ী নৈতিকতা কমিটির ২য় সভার কার্যবিবরণীঃ**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | খোন্দকার মোস্তাফিজুর রহমান এনডিসি<br>মহাপরিচালক (গ্রেড-১), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। |
| সভার তারিখ ও সময় | : | ২৭ অক্টোবর, ২০২৪; সকাল ১১.০০ ঘটিকা |
| সভার স্থান | : | অধিদপ্তরের সম্মেলন কক্ষ (লেভেল-২) |
| সভায় উপস্থিত সদস্যবৃন্দ | : | পরিশিষ্ট ''ক'' দ্রষ্টব্য। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, শুদ্ধাচার কৌশল প্রণয়ণের মূল লক্ষ্য হলো শুদ্ধাচার চর্চা ও দুর্নীতি প্রতিরোধের মাধ্যমে রাষ্ট্র ও সমাজে সুশাসন প্রতিষ্ঠা করা। সে অনুযায়ী প্রতি বছর মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার বিপরীতে যে সব কর্মসম্পাদনের ক্ষেত্র এবং সূচক রয়েছে সেগুলো শতভাগ অর্জনেরও নির্দেশনা রয়েছে। কাজেই অধিদপ্তরের দায়বদ্ধতা বৃদ্ধি ও সরকারি সেবার মানোন্নয়নের জন্য এ কৌশল সফলভাবে বাস্তবায়ন করতে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৪-২০২৫ এর প্রতিটি সূচকের লক্ষ্যমাত্রা অর্জনে প্রত্যেককে স্ব স্ব অবস্থান থেকে সমন্বিতভাবে কাজ করতে হবে।

০২। অত:পর সভাপতির অনুমতিক্রমে সহকারী পরিচালক (প্রশাসন) জানান, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৪-২০২৫ এ ১৭টি কর্মসম্পাদন সূচক রয়েছে। তন্মধ্যে কর্মসম্পাদন সূচক ১.১.১ অনুযায়ী প্রতি ত্রৈমাসিকের ১ম মাসে একটি নৈতিকতা কমিটির সভা আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। তিনি চলতি অর্থ বছর ২৮ জুলাই, ২০২৪ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির ১ম সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন।

০৩। সহকারী পরিচালক (প্রশাসন) অধিদপ্তরের প্রধান কার্যালয়ে গ্রীণ অফিসের কার্যক্রম পরিচালনার বিষয়ে চেকলিস্ট উপস্থাপন করেন। সভাপতি বলেন, গ্রীণ অফিস ব্যবস্থাপনার কিছু কিছু কার্যক্রম ইতোমধ্যে পরিচালিত হচ্ছে। চেকলিস্ট অনুসরণপূর্বক গ্রীণ অফিস বাস্তবায়নের নিমিত্ত পর্যায়ক্রমে অন্যান্য কার্যক্রম গ্রহণ করতে হবে। প্রাথমিকভাবে প্রধান কার্যালয়ে সূর্যালোকের সর্বোত্তম ব্যবহার ও ইনডোর প্লান্ট রাখার কার্যক্রম গ্রহণ করা যেতে পারে। সভাপতি আরো বলেন, ২০২২-২৩ অর্থ বছরে নৈতিকতা কমিটির ৩য় সভায় গৃহীত 'নৈতিকতা কফি কর্ণার' পুনরায় চালু করা যেতে পারে।

০৪। অত:পর সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয় :

| ক্রম | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৪.১ | সূর্যালোকের সর্বোত্তম ব্যবহার করে বিদ্যুৎ সাশ্রয়ের বিষয়ে আলোচনা হয়। | সূর্যালোকের সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকল্পে প্রাথমিকভাবে অধিদপ্তরের প্রধান কার্যালয়ের লেভেল-২ এর কনফারেন্স রুমে সভা চলাকালীন পর্দাগুলো পাশে চাপিয়ে রাখতে হবে যাতে সূর্যালোক ভেতরে প্রবেশ করতে পারে। উক্ত কনফারেন্স রুমে সাধারণ লাইট/বাল্ব ব্যবহারের পরিবর্তে ০৪টি ২০ ওয়াট/২৪ ওয়াটের এলইডি বাল্ব ডিসেম্বর/২০২৪ এর মধ্যে লাগাতে হবে। এক্ষেত্রে কাঠামোর কোনরূপ সৌন্দর্য নষ্ট করা যাবেনা। | পরিচালক (প্রশাসন)/ উপপরিচালক (ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন)/ সহকারী পরিচালক (কমন সার্ভিস) |
| ৪.২ | অফিস কক্ষে অক্সিজেনের সরবরাহ বাড়াতে ইনডোর প্লান্ট সরবরাহের বিষয়ে আলোচনা হয়। | অক্সিজেনের সরবরাহ বৃদ্ধির লক্ষ্যে প্রধান কার্যালয়ের প্রতিটি কক্ষে কমপক্ষে ০৪টি করে সৌন্দর্যবর্ধনকারী ইনডোর প্লান্ট রাখতে হবে। পাশাপাশি অন্যান্য উপযুক্ত স্থানে প্রয়োজনীয় সংখ্যক ইনডোর প্লান্ট সরবরাহ করতে হবে। স্ব স্ব কর্মকর্তা/কর্মচারী তার নিজ কক্ষের/স্ব স্ব ফ্লোরের ইনডোর প্লান্টগুলোর নিয়মিত রক্ষণাবেক্ষন ও পরিচর্যার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | পরিচালক (সকল)/ উপপরিচালক (সকল)/ সহকারী পরিচালক (সকল) |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৪.৩ | অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারী ও অংশীজনের সুবিধা বিবেচনায় প্রধান কার্যালয় ভবনের ৪র্থ তলায় (লেভেল-৩) ইতোপূর্বে স্থাপিত 'নৈতিকতা কফি কর্ণার' এর কার্যক্রম পুনরায় চালু করার বিষয়ে আলোচনা হয়। | প্রধান কার্যালয় ভবনের ৪র্থ তলায় (লেভেল-৩) 'নৈতিকতা কফি কর্ণার' এর কার্যক্রম পুনরায় চালু করতে হবে। কফি কর্ণারে স্থাপিত বক্সে ১০ টাকা জমা করে যে কোন স্টাফ/ব্যক্তি এক কাপ কফি পান করতে পারবেন। সহকারী পরিচালক (কমন সার্ভিস) এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | পরিচালক (প্রশাসন)/ সহকারী পরিচালক (কমন সার্ভিস) |
| ৪.৪ | পানি ব্যবহারে মিতব্যয়ীতা অবলম্বন। প্রধান কার্যালয় ভবনের ৯ম তলায় ইতোমধ্যে ২টি পুশ ট্যাপ সংযোজন করা হয়েছে। প্রধান কার্যালয়ের সকল পানির ট্যাপ পরিবর্তন করে পুশ ট্যাপ সংযোজন বা প্রচলিত ট্যাপগুলো রেখে পানির ফ্লো কমিয়ে রাখা যায় কিনা সে বিষয়ে আলোচনা হয়। | পানি ব্যবহারে মিতব্যয়ী হতে হবে। পানির অপচয় রোধকল্পে প্রধান কার্যালয়ের সকল পানির ট্যাপ ধাপে ধাপে পরিবর্তন করে পুশ ট্যাপ সংযোজন করতে হবে এবং বর্তমানে ব্যবহৃত ট্যাপগুলোতে পানির ফ্লো কমিয়ে রাখতে হবে। এ বিষয়ে সহকারী পরিচালক (কমন সার্ভিস) মহাপরিচালক মহোদয়ের সাথে আলোচনা করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন। | উপপরিচালক (ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন)/ সহকারী পরিচালক (কমন সার্ভিস) |

০৫। ২০২৪-২০২৫ অর্থ বছরে নৈতিকতা কমিটির ১ম সভার নিম্নবর্ণিত পর্যালোচনাটি নিয়ে ২য় সভায় আলোচনা হয়:

| আলোচনা | পর্যালোচনা |
|---|---|
| আউটসোর্সড জনবলের সুষ্ঠু ব্যবস্থাপনা। | অধিদপ্তরের প্রধান কার্যালয়ের কর্মকর্তা-কর্মচারীদের প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদানের উদ্যোগ হিসেবে আউটসোর্সিং-এর মাধ্যমে খন্ডকালীন একজনকে নিয়োগের বিষয়টি সম্ভাব্যতা যাচাই করে পরিচালক (প্রশাসন) নৈতিকতা কমিটির ২য় সভায় উপস্থাপন করবেন। |

বিস্তারিত আলোচনায় পর্যালোচনাটি সংশ্লিষ্ট নীতিমালা সমর্থন করে না বিধায় তা বাস্তবায়নযোগ্য নয় মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

০৬। সভাপতি জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৪-২০২৫ এর কর্মসম্পাদন সূচকসমূহের লক্ষ্যমাত্রা যথাযথভাবে ও যথাসময়ে অর্জনে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। আর কোন আলোচনা না থাকায় তিনি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০/১০/২৪

(খোন্দকার মোস্তাফিজুর রহমান এনডিসি)
মহাপরিচালক (গ্রেড-১)।

নং-৫৮.০২.০০০০.০০৫.০০.০০৭.২১-৮৯১৩

১৪ কার্তিক, ১৪৩১
তারিখ: --------------------
৩০ অক্টোবর, ২০২৪

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: অতিরিক্ত সচিব, প্রশাসন ও অর্থ অনুবিভাগ)।
২। পরিচালক (প্রশাসন/অপারেশনস্/চিকিৎসা ও পুনর্বাসন/নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা।
৪। প্রধান রাসায়নিক পরীক্ষক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেন্ডারিয়া, ঢাকা।
৫। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ/গোয়েন্দা শাখা, প্রধান কার্যালয়, ঢাকা।
৬। উপপরিচালক (প্রশাসন/নিরোধ শিক্ষা/অপারেশনস্/ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন/চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন,............।

৭। প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮। সহকারী পরিচালক (প্রশাসন/কমন সার্ভিস/জনসংযোগ/অপারেশনস্/গোয়েন্দা/ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন/নিরোধ শিক্ষা/ গোয়েন্দা/গবেষণা ও প্রকাশনা/এনটিএমসি/অর্থ ও হিসাব), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/ মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন.....................।
৯। স্টাফ অফিসার টু ডিজি, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০। আইন কর্মকর্তা, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
১১। অতিরিক্ত মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। অফিস কপি।

৩০/১০/২০২৪

(মো: মেহেদী হাসান)
সহকারী পরিচালক (প্রশাসন)